

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
টেকসই কৃষি পরিসংখ্যান প্রকল্প
পরিসংখ্যান ভবন (৭ম তলা, ব্লক-২)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bbs.gov.bd

নং-৫২.০১.০০০০.৩০০.৯৯.০০১.২৩.৭৮০

তারিখ: ০২ অগ্রহায়ণ ১৪৩১
১৭ নভেম্বর ২০২৪

সতর্ক বার্তা

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়নাধীন “টেকসই কৃষি পরিসংখ্যান” শীর্ষক প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে গত মে/২০২৪ মাসে প্রকল্পে আউটসোর্সিংয়ের মাধ্যমে প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োগ প্রদান করা হয়। নিয়োগকৃত সকল জনবল অদ্যাবধি প্রকল্প দপ্তরে কাজ করে যাচ্ছে। ইদানীং লক্ষ্য করা যাচ্ছে, কতিপয় নামধারী প্রতিষ্ঠান প্রকল্পের নাম ব্যবহার করে আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগের বিষয়ে অপপ্রচার চালাচ্ছে। টেকসই কৃষি পরিসংখ্যান শীর্ষক প্রকল্পের পক্ষে এই মর্মে স্পষ্ট করা যাচ্ছে যে, বর্তমানে প্রকল্পের অনুকূলে জনবল নিয়োগের কোনো সুযোগ নেই বা জনবল নিয়োগের জন্য কোন বিজ্ঞাপন দেয়া হয়নি।

০২। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার জন্য অনুরোধ করা হলো।


মুহাম্মদ রফিকুল ইসলাম
প্রকল্প পরিচালক